গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রতিরক্ষা মন্ত্রণালয়
আইসিটি সেল
গণভবন কমপ্লেক্স
শেরেবাংলা নগর, ঢাকা ১২০৭
www.mod.gov.bd

নম্বর ২৩.০০.০০০০.২৩০.৭১.০০৮.২৩.১৬২

তারিখ: ১৭ চৈত্র ১৪৩০
৩১ মার্চ ২০২৪

**বিষয়: প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ২০২৩-২০২৪ অর্থবছরের ৩য় প্রান্তিকের সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ আশরাফুল ইসলাম<br>অতিরিক্ত সচিব ও এপিএ টিম লিডার, প্রতিরক্ষা মন্ত্রণালয়। |
| সভার তারিখ ও সময় | : | ২৫ মার্চ ২০২৪, দুপুর ১২:৩০ টা। |
| সভার স্থান | : | সম্মেলন কক্ষ, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর। |
| সভার উপস্থিতির তালিকা | : | পরিশিষ্ট-'ক'। |

২। উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতি অংশীজনের সেবা প্রদানকারী এ মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর ও এর মাঠ পর্যায়ের কর্মকর্তাগণ, স্পারসো'র কর্মকর্তাগণসহ উপস্থিত কর্মকর্তাদের পরিচিতি প্রদানের জন্য অনুরোধ করেন। প্রারম্ভিক বক্তব্যে সভাপতি বলেন, শুদ্ধাচার চর্চা ও দুর্নীতি প্রতিরোধের মাধ্যমে রাষ্ট্র ও সমাজে সুশাসন প্রতিষ্ঠা করতে হবে। এর ফলে সুষ্ঠুভাবে নাগরিক সেবা নিশ্চিত করা যাবে। এ ক্ষেত্রে নিজ নিজ দায়িত্ব সঠিকভাবে পালন করার জন্য তিনি সকল কর্মকর্তা/কর্মচারীর প্রতি আহ্বান জানান। তিনি সভার আলোচ্যসূচি অনুযায়ী ২০২৩-২৪ অর্থবছরের শুদ্ধাচার কৌশল, সিটিজেন চার্টার, তথ্য অধিকার আইন এবং অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত কর্ম-পরিকল্পনা নির্ধারিত সময়ে যথাযথভাবে বাস্তবায়নপূর্বক সহজে সেবা প্রদানসহ সেবার মান উন্নত করার উপর গুরুত্বারোপ করেন।

৩। অতঃপর সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা বলেন, যথাসময়ে সেবা প্রদানের লক্ষ্যে সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। তিনি আরো উল্লেখ করেন, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর ৫টি আবশ্যিক কর্মপরিকল্পনার সঠিক বাস্তবায়ন হলে এপিএ'র লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হবে। সে লক্ষ্যে, কর্মপরিকল্পনাসমূহ সুষ্ঠুভাবে যথাসময়ে বাস্তবায়ন করতে হবে।

৪। সভায় বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও আবহাওয়াবিদ মোঃ মমিনুল ইসলাম আলোচ্যসূচি অনুযায়ী বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি, সিটিজেন চার্টার, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা ও তথ্য অধিকার আইন সম্পর্কে গৃহিত কার্যক্রম বিস্তারিত উপস্থাপন করেন। উপস্থাপনের এ পর্যায়ে আবহাওয়া অধিদপ্তরের ০৮টি বিভাগীয় পর্যায়ের কর্মকর্তাগণ নিজ নিজ দপ্তরের শুদ্ধাচার, জিআরএস, আরটিআই, সিটিজেন চার্টার ও সেবা প্রদানের বিষয়গুলো সভায় তুলে ধরেন। স্পারসো'র ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ নিজ নিজ কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি সভায় তুলে ধরেন। প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা ও যুগ্মসচিব আবু ইউসুফ মোঃ রেজাউর রহমান জানান, এ মন্ত্রণালয় ও এর আওতাধীন ৪টি দপ্তর/সংস্থা GRS সফট্ওয়্যারের মাধ্যমে অভিযোগ নিষ্পত্তি কার্যক্রম সম্পাদন করে থাকে। কিন্তু ২০২৩-২৪ অর্থবছরে ৪টি দপ্তর সংস্থার কোন অভিযোগ নিষ্পত্তি করা হয়নি। যার ফলে, এপিএ'র বার্ষিক অর্জনে বিঘ্ন ঘটার সম্ভাবনা রয়েছে। সে লক্ষ্যে, তিনি অতিদ্রুত অনলাইনে প্রাপ্ত অভিযোগসমূহ দ্রুত নিষ্পত্তির পরামর্শ প্রদান করেন।

৫। আলোচনার এ পর্যায়ে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সিটিজেন চার্টার ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও উপসচিব আবু হাসনাত মোঃ মঈনউদ্দিন সভায় উপস্থিত সকলকে স্ব-স্ব প্রতিষ্ঠানের সিটিজেন চার্টার অনুযায়ী স্টেকহোল্ডারদের সঠিকভাবে সেবা প্রদানের অনুরোধ জানান। তিনি বর্তমান সেবা প্রদান নিয়ে সন্তুষ্টি প্রকাশ করে উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তথ্য অধিকার ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও উপসচিব নাহিদা পারভীন উপস্থিত সকলকে চাহিত তথ্য নির্ধারিত সময়ের মধ্যে প্রদানের অনুরোধ জানান। তিনি তথ্য প্রদানের ক্ষেত্রে নিয়মানুযায়ী প্রতিটি দপ্তর/সংস্থার একটি রেজিষ্টার মেইনটেইন করার বিষয়ে পরামর্শ প্রদান করেন।

৬। জাতীয় শুদ্ধাচার কৌশল ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও যুগ্মসচিব নূরজাহান সভাকে জানান, এপিএ'র সঠিক মান অর্জনের লক্ষ্যে শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নের গুরুত্ব অপরিসীম। তিনি সভায় অবহিত করেন, প্রতিরক্ষা মন্ত্রণালয়ের চলতি বছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনা অনুযায়ী ০২টি স্টেকহোল্ডার সভার মধ্যে ১ম কোয়ার্টারে সকল দপ্তর/সংস্থার স্টেকহোল্ডারদের নিয়ে মন্ত্রণালয়ে ০১টি সভা অনুষ্ঠিত হয়েছে। কর্মপরিকল্পনায় ৩য় প্রান্তিকে নির্ধারিত সভাটি অফিসের বাহিরে আওতাধীন দপ্তর/সংস্থার কার্যালয়ে অদ্য অনুষ্ঠিত হচ্ছে। তিনি শুদ্ধাচার কর্মপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়নের উপর গুরুত্বারোপ করেন। শুদ্ধাচার কর্মপরিকল্পনা অনুযায়ী তিনি সকলকে প্রশিক্ষণ/সভা/অন্যান্য কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করার আহবান জানান এবং নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে রিপোর্ট দাখিল করার পরামর্শ প্রদান করেন।

৭। বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের আঞ্চলিক অফিস সিলেট এর সহকারী আবহাওয়াবিদ শাহ মোঃ সজিব হোসাইন জানান, স্টেকহোল্ডারগণ কর্তৃক উৎপাদক, সরবরাহকারী, ছাত্র, সাধারণ জনগনের চাহিদা অনুযায়ী নিয়মিত আবহাওয়ার সংবাদ সরবরাহ করা হয়ে থাকে। সে লক্ষ্যে, ২৪ ঘন্টা সেবার ব্যবস্থা রয়েছে এবং ওয়েবসাইটে সর্বদা তথ্য আপডেট করা থাকে।

৮। স্পারসোর সদস্য ড. মোঃ মাহমুদুর রহমান জানান, ২০২৩-২৪ অর্থবছরের শুদ্ধাচার কৌশল, সিটিজেন চার্টার, তথ্য অধিকার আইন এবং অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত কর্মপরিকল্পনা বাস্তবায়ন কার্যক্রম আন্তরিকতা ও গুরুত্বের সাথে পরিচালনা করা হয়। স্টেকহোল্ডারের চাহিত তথ্য বা সেবা নির্ধারিত সময়ের মধ্যে প্রদান করা হয়।

৯। সভাপতি সংশ্লিষ্ট সকলকে শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের বিভিন্ন গুরুত্বপূর্ণ দিক উল্লেখ করে একটি সুখী, সমৃদ্ধ সোনার বাংলা গড়ার মহৎ প্রত্যয়ে প্রত্যেক-কে নিজ নিজ দায়িত্ব সততা ও নিষ্ঠার সাথে পালনের জন্য আহ্বান জানান।

১০। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক. প্রতিটি দপ্তর/সংস্থা/আঞ্চলিক অফিসে যথাসময়ে নিয়মানুযায়ী তথ্য প্রদানসহ এ সংক্রান্ত তথ্য প্রদানের একটি রেজিস্টার মেইনটেইন করতে হবে;

খ. সকল তথ্যসহ ওয়েবসাইট ও সিটিজেন চার্টারে আপডেট করতে হবে;

গ. অনলাইন/অফলাইনে GRS সংক্রান্ত প্রাপ্ত অভিযোগ নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি করতে হবে;

ঘ. অনলাইন অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা/প্রশিক্ষণ আয়োজন করতে হবে;

ঙ. যথাযথ প্রমাণকসহ প্রতি প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে দাখিল করতে হবে।

১১। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
তারিখ: ৩১/০৩/২০২৪
মোঃ আশরাফুল ইসলাম
অতিরিক্ত সচিব
ও
এপিএ টিম লিডার
প্রতিরক্ষা মন্ত্রণালয়।

নম্বর ২৩.০০.০০০০.২৩০.৭১.০০৮.২৩.**১৬২**

তারিখ: ১৭ চৈত্র ১৪৩০ / ৩১ মার্চ ২০২৪

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃ: আ: উপসচিব, শুদ্ধাচার অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ)
২. কমান্ড্যান্ট, ন্যাশনাল ডিফেন্স কলেজ, মিরপুর সেনানিবাস, ঢাকা।
৩. সভাপতি, ক্যাডেট কলেজ পরিচালনা পরিষদ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
৪. মহাপরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
৫. মহাপরিচালক, সামরিক চিকিৎসা সার্ভিস মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।

৬. কমান্ড্যান্ট, সামরিক বাহিনী কমান্ড এন্ড স্টাফ কলেজ, মিরপুর সেনানিবাস, ঢাকা।
৭. মহাপরিচালক, প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর, নতুন বিমান বন্দর সড়ক, ঢাকা।
৮. কমান্ড্যান্ট, বাংলাদেশ সমরাস্ত্র কারখানা, গাজীপুর সেনানিবাস।
৯. কমান্ড্যান্ট, এম আই এস টি, মিরপুর সেনানিবাস, ঢাকা।
১০. কমান্ড্যান্ট, আর্মড ফোর্সেস মেডিক্যাল কলেজ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
১১. সিজিডিএফ, সিজিডিএফ এর কার্যালয়, সেগুন বাগিচা, ঢাকা।
১২. চেয়ারম্যান, স্পারসো, আগারগাঁও, ঢাকা।
১৩. সেনাসদর, জি এস শাখা, এস ডি পরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
১৪. নৌসদর, পরিকল্পনা পরিদপ্তর, বনানী, ঢাকা।
১৫. বিমান সদর, প্রশাসনিক সমন্বয় পরিদপ্তর, প্রশাসনিক শাখা, ঢাকা সেনানিবাস, ঢাকা।
১৬. প্রেসিডেন্ট, আন্তঃবাহিনী নির্বাচন পর্ষদ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
১৭. সার্ভেয়ার জেনারেল, বাংলাদেশ জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
১৮. মহাপরিচালক, বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর অধিদপ্তর, উত্তরা, ঢাকা।
১৯. মহাপরিচালক, সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
২০. পরিচালক, বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ড, কাকরাইল, ঢাকা।
২১. পরিচালক, পূর্ত পরিদপ্তর, ই-ইন-সি'র শাখা, সেনাসদর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
২২. মহাপরিচালক, প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়, ঢাকা সেনানিবাস, ঢাকা।
২৩. পরিচালক, গুপ্তসংকেত পরিদপ্তর, শেরেবাংলা নগর, ঢাকা।
২৪. পরিচালক, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২৫. পরিচালক, আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
২৬. অধিনায়ক, এম ও ডি সি, রাজেন্দ্রপুর সেনানিবাস, গাজীপুর।

অনুলিপি (অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে):

১। সিনিয়র সচিবের একান্ত সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২। সিস্টেম এনালিস্ট, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা **(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।**
৩। অতিরিক্ত সচিব (অনুবিভাগ-৪) ও এপিএ টিম লিডার-এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪। যুগ্মসচিব ও এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তার ব্যক্তিগত কর্মকর্তা, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫। যুগ্মসচিব ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তার ব্যক্তিগত কর্মকর্তা, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬। অফিস কপি/মাস্টার কপি।

০৭/৩/২০২৪

নূরজাহান
যুগ্মসচিব
ও
জাতীয় শুদ্ধাচার কৌশল
ফোকাল পয়েন্ট কর্মকর্তা
প্রতিরক্ষা মন্ত্রণালয়।


D:\NIS\Resulation\Resulation.docx

২৫ মার্চ ২০২৪ তারিখ দুপুর ১২:৩০ টায় প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ২০২৩-২০২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত সভায় উপস্থিতি:

| ক্রঃ | নাম, পদবি ও অফিসের ঠিকানা | মোবাইল ও ই-মেইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | মাসরিকা মাসরিন<br>যুগ্মসচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয় | | [signature] 25.03.2024 |
| ২. | নুর হোসেন<br>যুগ্মসচিব, MOD | ০1731488347 | [signature] 25/03/2024 |
| ৩. | ফাতিমা তুজ জোহরা<br>উপসচিব MOD | 01712655290 | Fatima 25/03/2024 |
| ৪. | নাহিদা পারভীন<br>উপসচিব, MOD | 01922898843 | [signature] 25/03/2024 |
| ৫. | মো: আজিজুর রহমান<br>পরিচালক, বিএমডি | 01731181942 | [signature] 25/03/24 |
| ৬ | আবু ইউসুফ মো: রেজাউল হাসান<br>যুগ্মসচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয় | 01717227690 | [signature] 25/03/24 |
| ৭ | আবু হাসনাত মো: মঈনউদ্দিন<br>উপসচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয় | 01711942255 | [signature] 25/03/2024 |
| ৮ | ড. মো: মাহমুদুর রহমান<br>সদস্য, স্পারসো<br>আগারগাঁও | 01913510107<br>mahmud@sparrso.gov.bd | [signature] 25/03/2024 |
| ৯ | মো: আক্তারুজ্জামান<br>সিনিয়র এনালিস্ট<br>প্রতিরক্ষা মন্ত্রণালয় | ০১৯১৫৫২০৬৬৮ | Azaman 25/03/24 |
| ১০ | মোহাম্মদ ইমরুল ইসলাম<br>এস এস ও, স্পারসো | 01918406462 | [signature] 25/03/24 |
| ১১ | মোহাম্মদ মাহদি হাসান, এস.ও. স্পারসো | 01619113355 | [signature] 25.03.24 |
| ১২ | মো: রাসেল মল্লিক<br>লাইব্রেরিয়ান, স্পারসো | ০1515-696834 | [signature] 25/03/24 |
| ১৩ | মিলন কুমার শিকদার<br>এস.ও., স্পারসো | 01936585433 | [signature] 25/03/24 |

২৫ মার্চ ২০২৪ তারিখ দুপুর ১২:৩০ টায় প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ২০২৩-২০২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (**Stakeholder**) অংশগ্রহণে বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত সভায় উপস্থিতি:

| ক্রঃ | নাম, পদবি ও অফিসের ঠিকানা | মোবাইল ও ই-মেইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১৪ | মোঃ আমিরুল আজাদ<br>সহকারী আবহাওয়াবিদ<br>আর. আই. সি. খুলনা | ০১৭১৯-২৯২৮০২<br>bmdkhulna@yahoo.com | [signature] ২৫/০৩/২০২৪ |
| ১৫ | হাবিব আহমেদ হাওলাদার<br>উপসহকারী প্রকৌশলী<br>[illegible], বরিশাল | 01753309603<br>pb0950@gmail.com | [signature] ২৫/০৩/২০২৪ |
| ১৬ | মোহাম্মদ আনোয়ার হোসেন<br>উপসহকারী [illegible]<br>আবহাওয়া অফিসার, ময়মনসিংহ | 01716-092286<br>anwarbmd1@gmail.com | [signature] 25.03.24 |
| ১৭. | মো: আব্দুর রহমান<br>সহকারী আবহাওয়াবিদ<br>আবহাওয়া অফিস, বগুড়া | 01985797499<br>arahman5@isrt.ac.bd | [signature] 25.03.24 |
| ১৮ | মো: আব্দুল মতিন<br>ঊর্ধ্বতন যোগাযোগ প্রকৌশলী<br>বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর | 01714276261<br>amadin2004@yahoo.com | [signature] ২৫/৩/২৪ |
| ১৯ | আবু সাজ্জাদ চৌধুরী<br>যান্ত্রিক প্রকৌশলী<br>বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর | 01711264986<br>shazzad.bmd@gmail.com | [signature] ২৫/০৩/২৪ |
| 20 | মো: মমিনুল ইসলাম<br>আবহাওয়াবিদ<br>বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর | 01758464649<br>momenulislam799@hotmail.com | [signature] 25.03.24 |
| ২১ | মো: মজিদুল ইসলাম<br>আবহাওয়াবিদ<br>[illegible] | 01726310207<br>mozidul_islam17@yahoo.com | [signature] ২৫/৩/২৪ |
| 22 | শাহ মো: সাজিব হোসাইন<br>সহকারী আবহাওয়াবিদ<br>সিলেট | 01724674486<br>shajib206@gmail.com | [signature] 25.03.24 |
| ২৩ | মো: মোস্তাফিজার রহমান,<br>সহ. আবহাওয়াবিদ,<br>আবহাওয়া অফিস, রংপুর। | 01723822455<br>mostafiz.bmd16@gmail.com | [signature] 25.03.24 |
| ২৪ | মোঃ আতাউর রহমান খান<br>আবহাওয়াবিদ<br>SWC, ঢাকা | rahmanbmd71@gmail.com<br>01716339491 | [signature] |
| ২৫ | মো: নূরুল করিম<br>আবহাওয়াবিদ<br>আবহাওয়া ও ভূ-প্রাকৃতিক কেন্দ্র, চট্টগ্রাম | 01712109391<br>n_karimos@yahoo.com | [signature] |
| ২৬ | মুহাম্মদ সাইফুল্লাহ<br>প্রোগ্রামার<br>[illegible] | 01947962536 | [signature] |


জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৩-২৪
"সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholder)
অংশগ্রহণে সভা
সভাপতি: মোঃ আশরাফুল ইসলাম
অতিরিক্ত সচিব ও এপিএ টিম লিডার
প্রতিরক্ষা মন্ত্রণালয়
তারিখ : ২৫ মার্চ ২০২৪
স্থান : বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের সম্মেলন কক্ষ।


জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৩-২৪
সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholder)
অংশগ্রহণে সভা
সভাপতি: মোঃ আশরাফুল ইসলাম
অতিরিক্ত সচিব ও এপিএ টিম লিডার
প্রতিরক্ষা মন্ত্রণালয়

